

যুগান্তর

প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় ঢাকা ও যশোরে গ্রেফতার ৯

যুগান্তর রিপোর্ট

প্রশ্নপত্র ফাঁসের ঘটনার সঙ্গে জড়িত ৯ জনকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। এর মধ্যে রোববার রাতে যশোর থেকে ৬ জনকে গ্রেফতার করা হয়। তারা ফেনবুক ও তথ্য-প্রযুক্তির মাধ্যমে কারিগরি শিক্ষা বোর্ডের প্রশ্নপত্র ফাঁস ও বিতরণ চক্রের সদস্য। গ্রেফতারকৃতরা হল— মুন্সি আহম্মেদ, আ. রহমান, আ. রহমান, ওরফে লিটন, এসএম তানভীর আলম ওরফে রিজভী, জনি রহমান ও আরাম্হাত

হোসেন। তারা যশোর পলিটেকনিক ইন্সটিটিউট ও যশোরে অবস্থিত একটি বেসরকারি পলিটেকনিক ইন্সটিটিউটের ছাত্র। এছাড়া পৃথক অভিযানে একই রাতে ডেমরার গোলাম মোস্তফা মডেল কলেজের শিক্ষক নাজমুল হাসান ও কামরুলকে গ্রেফতার করা হয়। তারা সহ ওই কলেজের অধ্যক্ষ প্রশ্নপত্র ফাঁসের ঘটনার সঙ্গে জড়িত। সোমবার ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) মিডিয়া সেন্টারে সংবাদ সম্মেলনে এসব তথ্য জানানো হয়।

সংবাদ সম্মেলনে ডিবি'র যুগ্ম কমিশনার মনিরুল ইসলাম বলেন, যশোর থেকে গ্রেফতার ৬ জনকেই ঢাকায় আনা হয়েছে। তারা কারিগরি শিক্ষা বোর্ডের আগষ্ট সেশনের পরীক্ষার আগে ফেনবুকে পরিচিতদের কাছে প্রশ্নপত্র সরবরাহ করে। তাদের কাছ থেকে উদ্ধার করা প্রশ্নের মধ্যে ৫ম ও ৭ম এবং ৬ষ্ঠ পর্ব পরিপূরক পরীক্ষা-২০১৫ এর প্রোগ্রামিং ইন সি এবং এন্টারপ্রিনিউরশিপ পরীক্ষার প্রশ্ন মিলে যায়। ওই বিষয়ের পরীক্ষাগুলো চলতি বছরের ২ ও ১২ আগষ্ট অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। কিন্তু বোর্ড পরীক্ষাগুলো বাতিল করে বলে জানান মনিরুল ইসলাম।

এদিকে এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে রোববার রাতে ডেমরার গোলাম মোস্তফা মডেল কলেজের তিন শিক্ষককে গ্রেফতার করা হয়। মনিরুল ইসলাম বলেন, ১৫ জুলাই প্রশ্নপত্র ফাঁস, উপরপত্র জালিয়াতি, প্রত্যেক চক্রের ৬ সদস্যকে ডেমরা থেকে গ্রেফতার করা হয়। তাদের স্বীকারোক্তিতে নাজমুল হাসান ও কামরুলকে গ্রেফতার করা হয়েছে। এইচএসসি পরীক্ষা শুরু আগেরই তারা ওই কলেজের শিক্ষার্থীদের কাছে প্রশ্নপত্র দিয়ে দিতেন। কলেজের অধ্যক্ষ নিজেই এর সঙ্গে জড়িত। তাকে গ্রেফতার করতে অভিযান অব্যাহত আছে। সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন ডিবি'র উপ-পুলিশ কমিশনার শেখ নাজমুল আলম, সাজ্জাদুর রহমান, মশরেকুর রহমান খালেদ, মাহবুবুর রহমান ও ডিএমপির উপ-পুলিশ কমিশনার মুনতাসিরুল ইসলাম।

ডিবি'র অতিরিক্ত উপ পুলিশ কমিশনার মো. শাহজাহান জানান, গ্রেফতারকৃত ৯ জনকে সোমবার ১০ দিনের রিমান্ড চেয়ে আদালতে পাঠানো হয়।